

## জিপিএ-৫ নাকি সর্বোচ্চ ৪, পরামর্শ দেবেন শিক্ষাবিদরা

নিজস্ব প্রতিবেদক

৫ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৫ সেপ্টেম্বর ২০১৯ ০০:০২



জেএসসি, এসএসসি ও এইচএসসিতে জিপিএ-৫ সর্বোচ্চ গ্রেড নাকি জিপিএ-৪ সর্বোচ্চ গ্রেড নির্ধারণ হবে? এ বিষয়ে পরামর্শ নেওয়ার জন্য দেশের শিক্ষাবিদদের সঙ্গে বৈঠক করবে শিক্ষা মন্ত্রণালয়।

জানা গেছে, আগামী ৮ সেপ্টেম্বর রবিবার বেলা দেড়টায় রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এ সংক্রান্ত একটি কর্মশালার আয়োজনা করা হয়েছে। এতে সভাপতিত্ব করবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, কর্মশালায় অংশগ্রহণের জন্য শিক্ষাবিদদের আমন্ত্রণ জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। বিশেষ করে, বাংলাদেশ

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায়োগিক পরিসংখ্যান ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যাপক ড. সৈয়দ শাহাদাত হোসাইন, আইইআরের অধ্যাপক এসএম হাফিজুর রহমান ও হোসনে

আরা বেগম, গণস্বাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরীসহ আরও বেশ কয়েকজন শিক্ষাবিদদের advertisement  
আমন্ত্রণ জানানো হয়েছে।

এ ছাড়া ওই কর্মশালায় উপস্থিত থাকার কথা রয়েছে, শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা, সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, এনসিটিবি চেয়ারম্যান, নায়েমের বিশেষজ্ঞ, বিভিন্ন কলেজের অধ্যক্ষ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট (বেডু) কর্মকর্তার।

একটি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জানান, অষ্টম শ্রেণির সমাপনী পরীক্ষা জেএসসি ও জেডিসি, এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় জিপিএ-৪ প্রবর্তনের লক্ষ্য নিয়ে এগোচ্ছে শিক্ষা মন্ত্রণালয়।

বহির্বিশ্বের শিক্ষা ব্যবস্থায় জিপিএ-৫ না থাকায় এবং দেশের বিশ্ববিদ্যালয়গুলোয়ও জিপিএ-৪-এ ফল প্রকাশ হওয়ায় বিদেশে পড়াশোনা এবং চাকরির বাজারে উদ্ভূত সমস্যা নিরসনেই মূলত গ্রেড পয়েন্ট কমানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

উল্লেখ, ২০০১ সালে পাবলিক পরীক্ষায় গ্রেড পদ্ধতি চালু হয়। ৮০-১০০ নম্বরে গ্রেড ৫, ৭০-৭৯ নম্বরে ৪, ৬০-৬৯ নম্বরে ৩.৫০, ৫০-৫৯ নম্বরে ৩, ৪০-৪৯ নম্বরে ২, ৩০-৩৯ নম্বরে ১ এবং শূন্য থেকে ৩২ নম্বরে গ্রেড পয়েন্ট শূন্য ধরা হয়। লেটার গ্রেডে যথাক্রমে এ প্লাস, এ, এ মাইনাস, বি, সি, ডি এবং এফ গ্রেড। লেটার গ্রেড ১ পেলে পাস এবং এফ গ্রেড পেলে অনুত্তীর্ণ ধরা হয়।

আর পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোয় সব বিষয়ে ৮০-এর ওপর নম্বর পেলে সিজিপিএ-৪, ৭৫-৮০ নম্বরে ৩.৭৫, ৭০-৭৫ নম্বরে ৩.৫০, ৬৫-৭০ নম্বরে ৩.২৫, ৬০-৬৫ নম্বরে ৩, ৫৫-৬০ নম্বরে ২.৭৫, ৫০-৫৫ নম্বরে ২.৫০, ৪৫-৫০ নম্বরে ২.২৫, ৪০-৪৫ নম্বরে ২ এবং ৪০ নম্বরের কম পেলে অনুত্তীর্ণ ধরা হয়। লেটার গ্রেডে যথাক্রমে- এ প্লাস, এ, এ মাইনাস, বি প্লাস, বি, বি মাইনাস, সি প্লাস, সি, ডি এবং এফ গ্রেড।